

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন, ইন্সটান গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
কর্মসংস্থান শাখা-২
www.probashi.gov.bd

নং-৪৯.০০.০০০০.১০২.১৮.০৭৬.১৬. — ২২৪৬

তারিখ: ২৪/১০/২০১৭ খ্রিঃ।

অফিস আদেশ

যেহেতু, রিক্রুটিং এজেন্সী মেসার্স জোনাকি এন্টারপ্রাইজ(আর.এল-২২১) এর আবেদনের প্রেক্ষিতে 'বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন-২০১৩' এবং এর অধীনে প্রণীত বিধিমালা অনুযায়ী জনশক্তি রপ্তানী কার্যক্রম পরিচালনার শর্তে আপনার এজেন্সীর অনুকূলে লাইসেন্স প্রদান করা হয়;


০২। যেহেতু, অভিযোগকারী জনাব বিপ্লব বৈরাগীর স্ত্রী নিলীমা বৈরাগী (সাথী) কে প্রতারণিত করে সৌদি আরবে প্রেরণ করেন এবং মহিলা কর্মী প্রেরনে অভিবাসন ব্যয় শূন্য থাকার পরেও অভিবাসন ব্যয় হিসেবে ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা গ্রহণ করেন। যেহেতু রিক্রুটিং এজেন্সী মন্ত্রণালয় থেকে নির্দেশনা প্রদানের পরও নিলীমা বৈরাগীকে উদ্ধারে কোন সক্রিয় ভূমিকা পালন করেন নাই।

০৩। যেহেতু, নিলীমা বৈরাগী সাথী কর্তৃক ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা নেওয়ার বিষয়টি মন্ত্রণালয়ের তদন্ত থেকে প্রতিষ্ঠিত হয়েছে।

০৪। যেহেতু, অভিযোগটি তদন্তে প্রমাণিত হওয়ার প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় হতে এজেন্সীর লাইসেন্স বাতিলের জন্য সুপারিশ করা হয়েছে।

০৫। যেহেতু, রিক্রুটিং এজেন্সী কর্তৃক লাইসেন্সে আরোপিত শর্তাদি এবং বিদেশে কর্মী প্রেরণ প্রক্রিয়ার প্রযোজ্য আইন ও বিধিমালা অনুসরণ করার বাধ্যবাধকতা থাকা সত্ত্বেও উক্ত এজেন্সী তা লঙ্ঘন করেছে।

০৬। যেহেতু, অভিযোগকারীর প্রাপ্য ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা রিক্রুটিং এজেন্সী মেসার্স জোনাকি এন্টারপ্রাইজ (আর.এল-২২১) এর জামানত হতে কর্তনপূর্বক অভিযোগকারীকে ফেরত প্রদানসহ বর্ণিত অপরাধের কারণে বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন ২০১৩ এর ধারা ১২ ও ১৮ অনুযায়ী রিক্রুটিং এজেন্সী মেসার্স জোনাকি এন্টারপ্রাইজ (আর.এল-২২১) এর লাইসেন্স নির্দেশক্রমে বাতিল এবং সমুদয় জামানত বাজেয়াপ্ত করা হ'ল।


(ডিক্টর কাজী কামরুন নাহার)

উপসচিব

ফোন-৮৩২২৫১৯

ইমেইল: sasemployment2@probashi.gov.bd

মহাপরিচালক

জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো।

অনুলিপি সদয় কার্যার্থে/অবগতির জন্য :

১। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা (ঢাকাস্থ সৌদি আরব, কাতার, কুয়েত, সংযুক্ত আরব আমিরাত, ওমান বাহরাইন, লিবিয়া, সিংগাপুর, মালয়েশিয়া, দক্ষিণ কোরিয়া ও অন্যান্য সকল দূতাবাসসমূহকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল)।

২। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। মান্যবর রাষ্ট্রদূত/ হাইকমিশনার, রিয়াদ/জেদ্দা/মালয়েশিয়া/সিংগাপুর/আবুধাবি/দুবাই/বাহরাইন/লিবিয়া/কুয়েদ/ দক্ষিণ কোরিয়া/ওমান/কাতার/ইরাক/জর্দান/জাপান/ইতালি/মিশর/থাইল্যান্ড/স্পেন/মালদ্বীপ/অস্ট্রেলিয়া/মস্কো/গ্রিস/

হংকং/জেনেবা/ব্রুনাই/।

- ৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৬। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর (অধীনস্থ জেলা প্রশাসকগণকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল)।
- ৭। মেট্রোপলিটন পুলিশ কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট।
- ৮। ডেপুটি ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট।
- ৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
- ১০। উপসচিব/সিনিয়র সহকারী সচিব (কর্মসংস্থান-১,৩ ও ৪ শাখা), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, তথ্য মন্ত্রণালয়, ঢাকা (আদেশটি জরুরী ভিত্তিতে সকল পত্রিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল)।
- ১২। যুগ্মসচিব (কর্মসংস্থান) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ১৩। সভাপতি, বায়রা, ১৩০, নিউ ইন্সটন রোড, ঢাকা-১০০০ (বায়রা'র সকল সদস্যকে অবগতি করার জন্য অনুরোধ করা হলো)।
- ১৪। সহকারী প্রোগ্রামার, আইটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৫। ব্যবস্থাপনা পরিচালক, জোনাকি এন্টারপ্রাইজ (আর.এল-৩২০), ১৪, পুরানা পল্টন দারুস সালাম আর্কেড (৮ম তলা), রুম নং-০৮, ঢাকা-১০০০।
- ১৬। জনাব বিপ্লব বৈরাগী, পিতা: ধীরেন্দ্র নাথ হালাদার, হলদিবুনিয়া, মংলা, বাগেরহাট। (অর্থ প্রাপ্তির বিষয়ে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৭১-৭২, ইন্সটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০ এ যোগাযোগের জন্য অনুরোধ করা হ'ল)।
- ১৭। অফিস কপি।